# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৪২৯৩

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - নাক্বী‘ ও নবীয সম্পর্কীয় বর্ণনা

### আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ نَبِيذِ الْجَرِّ الْأَخْضَرِ قُلْتُ: أَنَشْرَبُ فِي الأبيضِ؟ قَالَ: «لَا» . رَوَاهُ الْبُخَارِيّ

### বাংলা

৪২৯৩-[৮] ’আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সবুজ মটকায় নবীয প্রস্তুত করতে নিষেধ করেছেন। তখন আমি জিজ্ঞেস করলাম, তবে কি আমরা সাদা বর্ণের মটকায় পান করব? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ না। (বুখারী)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৫৯৬, নাসায়ী ৫৬২২, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার ৫৪৮৫, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৩৮০৮, মুসনাদে আহমাদ ১৯১২৯, সহীহ ইবনু হিব্বান ৫৪০২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৯৭২৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ নিহায়াতে বলা হয়েছে, (الْجَرِّ الْأَخْضَرِ) হলো এমন প্রসিদ্ধ পাত্র যা অহংকার ও গর্বের জন্য ব্যবহার করা হয়।

আর নিষেধাজ্ঞার কারণ হলো এমন তৈলাক্ত পাত্র যা মদ দ্রুত তৈরি করে।

أَنَشْرَبُ فِي الْأَبْيَضِ؟ قَالَ: لَا আমরা কি সাদা বর্ণের মটকায় পান করব? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ না, এতে প্রমাণিত হয় দলীলের ক্ষেত্রে বোধগম্যের গুরুত্ব নেই। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন